

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-০৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৫৪

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮

০৫ মে ২০২১

বিষয়: কক্সবাজার জেলার উখিয়া উপজেলার ফারির বিল এম.কিউ.ডাব্লিউ আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা জমির উদ্দিনের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক অধ্যক্ষ পদ হতে অপসারণকরত: আইনানুগ ব্যবস্থা গ্রহণ।

সূত্র: কক্সবাজার জেলার উখিয়া উপজেলার ফারির বিল এম.কিউ.ডাব্লিউ আলিম মাদ্রাসার এলাকাসীমার পক্ষে সিরাজুল ইসলাম এর নিকট হতে প্রাপ্ত অভিযোগ পত্র।

উপর্যুক্ত বিষয়ে কক্সবাজার জেলার উখিয়া উপজেলার ফারির বিল এম.কিউ.ডাব্লিউ আলিম মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা জমির উদ্দিনের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তপূর্বক অধ্যক্ষ পদ হতে অপসারণকরত: আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে উক্ত মাদ্রাসার এলাকাসীমার পক্ষে জনাব সিরাজুল ইসলাম এ বিভাগে অভিযোগ পত্র দাখিল করেছেন।

২.০ আবেদনে উল্লিখিত আলোচ্য মাদ্রাসার অধ্যক্ষ এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ নিম্নরূপ:

- রেজিস্ট্রেশন, মার্কসীট ও সনদ প্রদানের মাধ্যমে শিক্ষার্থীর নিকট হতে টাকা গ্রহণপূর্বক আত্মসাৎ;
- পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক অভিজ্ঞতা সনদ প্রদর্শন করতে না পারায় উক্ত শিক্ষকের নাম বাতিলকরত: তার উত্তোলনকৃত টাকা সরকারি কোষাগারে জমা প্রদানের নির্দেশ;
- অবৈধভাবে শিক্ষক নিয়োগের মাধ্যমে অর্থ আত্মসাৎ;
- সরকারি কম্পিউটার গাফলতির জন্য নষ্টকরণ;
- এন.জি.ও থেকে পাওয়া জেনারেটর, প্রজেক্টর এবং মোটর সাইকেল বিক্রি করে অর্থ আত্মসাৎ; এবং
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত অর্থের বৈজ্ঞানিক সরঞ্জাম তালাবদ্ধ রেখে নষ্টকরণ।

৩.০ এমতাবস্থায়, বর্ণিত অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৭ পাতা।

৫-৫-২০২১

সৈয়দ আসগর আলী

সহকারী সচিব


মহাপরিচালক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গার্লস গাইস
হাউস (৭ম তলা)নিউ বেইলি রোড,ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০০০.২৭.০০২.২১.৫৪/১(৪)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৮
০৫ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতিরিক্ত সচিব(মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) অফিস কপি।



৫-৫-২০২১

সৈয়দ আসগর আলী
সহকারী সচিব